গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৪
www.mof.gov.bd

অর্থ বিভাগের তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে তথ্য অধিকার পরিবীক্ষণ কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শওকত আলী, উপসচিব (প্রশাসন-৩), অর্থ বিভাগ। |
| সভার তারিখ | : | ২৯/১১/২১খ্রি: |
| সময় | : | সকাল ১১.০০ মি. |
| স্থান | : | ভবন নং-১১, কক্ষ নং-১৬০৭ |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অর্থ বিভাগের তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়াদি সম্পর্কে আলোকপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা শামীম বানু শান্তি মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এবং অর্থ বিভাগের তথ্য অধিকার বিষয়ে APA-তে উল্লেখিত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক পরিকল্পনা বিস্তারিত উপস্থাপন করেন।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনা মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ অনুসারে অর্থ বিভাগের তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সভায় নিম্নরূপ আলোচনা হয়:

| ক্র:নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা হয় কিনা এবং কতটি আবেদনের চাহিত তথ্য প্রদান করা হয়েছে এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | আবেদনের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত কমিটিকে অবহিত করতে হবে। | প্রশাসন-১ শাখা। |
| ২. | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ এবং হালনাগাদকৃত স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসহ ওয়েবসাইটের লিংক ঊর্ধ্বতন কার্যালয়ে প্রেরণ। | ৩১/১২/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রশাসন-১ শাখা ও এফএসএমইউ। |
| ৩. | নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে ওয়েবসাইটে আপলোড এবং লিংকসহ ঊর্ধ্বতন কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১৫/১২/২০২১ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | এফএসএমইউ। |
| ৪. | নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় তথ্যের ক্যাটাগরী ও ক্যাটালগ প্রস্তুত/হালনাগাদকরণ। | এ বিষয়ে ক্যাবিনেট ডিভিশনের নির্দেশনা অনুসরণ করে ক্যাটাগরী ও ক্যাটালগ হালনাগাদ করতে হবে। | প্রশাসন-১ শাখা। |
| ৫. | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ। | জনসচেতনতা বৃদ্ধিতে সংশ্লিষ্ট হালনাগাদ তথ্যাবলি ব্যাপক প্রচারের জন্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রশাসন-১ শাখা ও এফএসএমইউ। |
| ৬. | কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। বাস্তবায়নের পর প্রমাণক হিসেবে প্রশিক্ষণের অফিস আদেশ প্রেরণ। | কমপক্ষে ০৩টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ শাখা। |

৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ শওকত আলী)
উপসচিব (প্রশাসন-৩)

০৭.০০.০০০০.১৭৪.৩৩.০৪০.২১-১২৩ তারিখঃ০৮/১২/২১খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। অনুবিভাগ প্রধান (সকল অনুবিভাগ)।
২। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। জনাব মোঃ শাহিন রেজা, সিনিয়র সহকারী সচিব (গৃহ নির্মাণ ঋণ সেল), অর্থ বিভাগ।
৫। জনাব রেফায়েত উল্লাহ মোহাম্মদ খলিলুর রহমান, সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠান-৩), অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম/প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

৮/১২/২০২২

(শামীম বানু শান্তি)
সিনিয়র সহকারী সচিব (প্রবিধি-৪)
এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার বাস্তবায়ন সমন্বয় পরিবীক্ষণ কমিটি
ফোনঃ ৯৫৪০১৮৩